



গুম-নির্যাতন মামলায় ১৩ সেনা কর্মকর্তা ফের ট্রাইব্যুনালে



সংগৃহীত ছবি

গুম ও নির্যাতনের অভিযোগে মানবতাবিরোধী অপরাধের দুই মামলায় অভিযুক্ত ১৩ সেনা কর্মকর্তাকে আজ আবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ হাজির করা হচ্ছে। শুনানিকে কেন্দ্র করে ট্রাইব্যুনাল এলাকায় অতিরিক্ত সেনা ও বিজিবি মোতায়েনসহ নিরাপত্তা কয়েক ধাপ বাড়ানো হয়েছে।

বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বে ট্রাইব্যুনাল আজ এসব মামলার কার্যক্রম গ্রহণ করবে।

উল্লেখযোগ্য হলো—৮ অক্টোবর তিনটি মামলায় মোট ২৫ কর্মকর্তা—কর্মচারীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি হওয়ার পর ১৫ জনকে সেনাবাহিনীর হেফাজত থেকে ট্রাইব্যুনালে আনা হয় এবং পরে সাব-জেলে পাঠানো হয়।

পলাতক আসামিদের হাজিরার জন্য দুই ভাষায় পত্রিকায় বিজ্ঞপ্তিও প্রকাশ করা হয়েছে।

এ ছাড়া পূর্ববর্তী দুটি মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৩০ জনের বিরুদ্ধেও গ্রেফতারি পরোয়ানা রয়েছে।